R. N. No. 2532/57 Phone No. RGG. 112 Regd. No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
৭-১. বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

সমস্ত প্রকার রোগ নির্ণয় ও
নিরাময় করা হয়।
ডাঃ অমল সরকার
বি-এস-সি, এম-বি-বি এস
এক্স হাউস সার্জেন
স্ত্রীরোগ ও প্রসূতি বিভাগ
রঘুনাথগঞ্জ পাকুড়তলা
জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর পার্শ্বে

৭৫শ বর্ষ
৭ম সংখ্যা
রঘুনাথগঞ্জ ২১ আষাঢ়, ১৩৯৫ সাল।
৬ জুলাই, ১৯৮৮ সাল।
নগদ মূল্য ঃ ৪০ পয়সা
বার্ষিক ঃ ২০·০০

## রঘুনাথগঞ্জ-২ ব্লকের উন্নয়ন কাজের অডিট হলো দশ বছর পর !

জঙ্গিপুর ঃ গত ২১ জুন এ জি ওয়েষ্ট বেঙ্গল থেকে রঘুনাথগঞ্জ ২নং ব্লকের উন্নয়ন কাজের ব্যয় অডিট করা হলো। খবরে প্রকাশ, প্রায় এক লক্ষ টাকার হিসাব গত দশ বছরে কোনরূপ ভেরিফিকেশন হয়নি। কাজগুলো হলো সেকেন্দ্রা গ্রামের রাস্তা নির্মাণ, কাশিয়াডাঙ্গার পুকুর ও কূপ খনন ও আরো কয়েকটি গ্রাম্য রাস্তার উন্নয়ন। এই কাজের ভার পান এস.এ,ই রঘুনাথ প্রামাণিক। তিনি কাজগুলির জন্য কয়েক দফায় অগ্রিম টাকা নিয়েছেন কিন্তু কোন হিসাব নিকাশ পূর্বতন বিডিও অজিত কুমার চন্দ্র বা নুরুল আপসারের কাছে জমা দেন নি। পরবর্তী অর্থাৎ বর্তমান বিডিও সেলিম পটুয়াও তাঁর কাজের হিসাব নেবার প্রয়োজন বোধ করেন নি। জেলা শাসক বার বার এ ব্যাপারে অনুসন্ধান করে ব্যবস্থা নিতে আদেশ দিলেও রহস্যজনক ভাবে কোন ব্যবস্থা অবলম্বিত হয়নি। এমনকি শোনা যাচ্ছে, এ্যাডভান্স রেজিষ্টারে কোন অ্যাডজাষ্টমেন্ট না হওয়া সত্বেও তাঁকে বারবার আইন ভঙ্গ করে টাকা দেওয়া হয়েছে। অথচ এবারের এডিট দল সে ব্যাপারে কোন উচ্চবাচ্য না করেই সব কিছু দেখে চলে যাওয়ায় কর্মচারীমহলেও বিস্ময় জেগেছে।

## কয়লা আনলোডিং নিয়ে এনটিপিসিতে শ্রমিক অশান্তি

নবারুণ পয়েন্ট ঃ সিটু ও বিজেপির নেতৃত্বে কিছু শ্রমিক এনটিপিসির পথ অবরোধ করে কয়লা সরবরাহ বন্ধ করে দেয় বলে খবর। ঘটনার বিবরণে প্রকাশ, লালমাটিয়া থেকে রেলপথে কয়লা আসার নানান অসুবিধা ঘটায় কর্তৃপক্ষ কাজ চালু রাখতে ঠিকাদার মারফৎ ধানবাদ থেকে কয়লা আনার ব্যবস্থা করেন। কিন্তু স্থানীয় শ্রমিকদের দাবী কয়লার ট্রাকগুলি তাদের দিয়েই আনলোড করাতে হবে। শুধু তাই নয় এনটিপিসি রেল রেকের ক্ষেত্রে যে মজুরী দিতেন, ঠিকাদারকেও সেই মজুরী দিতে হবে। ঠিকাদার এ ব্যাপারে তাঁদের অক্ষমতা জানালে আন্দোলন শুরু হয়। উল্লেখ্য, প্রথম দফায় ২০ জন লেবার দিয়ে কয়লা আনলোডের কাজ শুরু করলে এই আন্দোলন শুরু হয়। কেন না ঐ ২০ জন লেবারই নাকি আই, এন, টি, ইউ, সি ইউনিয়ন ভুক্ত। অবস্থা আয়ত্তে আনতে প্রোজেক্টের জেনারেল ম্যানেজার, ঠিকাদার, বিভিন্ন কর্মী সংগঠনের নেতা ও জঙ্গিপুরের এস-ডি-পিও আলোচনায় বসেন। ঐ আলোচনায় জেনারেল ম্যানেজার পরিষ্কার জানিয়ে দেন এ ক্ষেত্রে তাঁর করণীয় কিছু নাই। কেন না টেন্ডার অনুযায়ী ঠিকাদার নিযুক্ত করা হয়েছে। ঠিকাদার কিভাবে কত জন শ্রমিক দিয়ে কাজ করাবেন না করাবেন সেটা তাঁর ব্যাপার। শেষে তৃতীয় দফা বৈঠকে এনটিপিসির বিভিন্ন কর্মী সংগঠন থেকে ৩০ জনকে কয়লা আনলোডিং এ নিযুক্ত করা হবে ঠিক হলে অবস্থা আয়ত্তে আসে।

## সাম্প্রদায়িক উত্তেজনা রোধে সম্প্রীতির আবহাওয়া গড়ে তোলার আহ্বান

রঘুনাথগঞ্জ ঃ গত ২৪ জুন নশীপুর ও কাশিমবাজারের দুঃখজনক ঘটনার নিন্দা করলেন সর্বদলীয় নেতৃবৃন্দ! পঃ বঙ্গ সরকারের পক্ষে জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তর, জেলার সর্বদলীয় নেতৃবৃন্দ ও মহকুমার নেতৃবৃন্দ সকল সম্প্রদায়ের মানুষের কাছে সম্প্রীতি বজায় রাখার আহ্বান জানিয়ে আবেদন পত্র বিলি করেন। ( ৪ পাতায় দেখুন )

## টাকা নয়ছয়ে জঙ্গিপুর পুরসভা নজিরবিহীন

জঙ্গিপুর পুরসভা যে ভাবে জনগণের টাকা নিয়ে ছিনিমিনি খেলছেন তা নজিরবিহীন বলে স্থানীয় বুদ্ধিজীবী মহল মনে করেন। সম্প্রতি হাসপাতালের ধার থেকে আদালত কোর্টের মোড় পর্যন্ত রাস্তাটি রক্ষণাবেক্ষণে পুরসভার দৃষ্টি পড়েছে সর্বাধিক। ম্যাকেঞ্জী পার্কের সামনে নতুন গড়ে ওঠা কলোনীর প্রয়োজনে দু'দুটো কালভার্ট তৈরী হয়েছে। কলোনীর রাস্তাগুলোও নতুন রূপ নিচ্ছে। তার উপর হাসপাতাল রোডটির দুপাশে মাটি ফেলে ইতি-মধ্যেই নাকি ত্রিশ হাজার টাকার বিল পাশ হয়ে গিয়েছে বলে খবর। রাস্তা বড় করতে পুরসভা (৪ পাতায় দেখুন)

পুনরায় জনতা চা ঃ প্রতি কেজি ২৫-০০ টাকা
চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
(ফোন ঃ আর জি জি ১৬

সাব্বর্ভ্যো দেবেভ্যো নমঃ

**জঙ্গিপুর সংবাদ**

২১ আষাঢ়, বুধবার, ১৩৯৫ সাল

## মৌলবাদী ষড়যন্ত্র

মুর্শিদাবাদের ঘটনা আবার প্রমাণ করিল যে ধর্মের জিগিরে সাধারণ মানুষকে বিভ্রান্ত করা বড়ই সহজ। তাহা না হইলে সাম্প্রতিক পঞ্চায়েত নির্বাচনে যে মুর্শিদাবাদ সাম্প্রদায়িক ও নির্দল প্রতিনিধিদের পরাজিত করিয়া সাম্যবাদী ও তাহার সহযোগী দল গুলিকে জয়ী করিয়া প্রমাণ রাখিয়াছিল তাহারা রাজনীতি সচেতন, সেই মুর্শিদাবাদেই দেগঙ্গার একমাত্র মুসলিম লীগ এম, এল, এ হাসানুজ্জমানের ধর্মীয় ডাকে এত বড় সংঘর্ষ ঘটিয়া যাইতে পারিল কী ভাবে? নেতাদের ভাষণ ও পুলিশের রিপোর্ট হইতে জানিতে পারা যায় শুধু ধর্মের জিগিরই নহে ইহার সহিত জড়িত ছিল আর একটি প্রচার। সেই প্রচারে নাকি বলা হইয়াছিল হাজী মস্তান মুর্শিদাবাদে একটি কারখানা খুলিতেছেন ও যাহারা কাটরা মসজিদ অভিযানে অংশ গ্রহণ করিবে তাহাদের ঐ কারখানায় চাকরী দেওয়া হইবে। এই প্রলোভনে ভুলিয়া গরীব ঘরের ছেলেরা অভিযানে অংশ গ্রহণ করিয়াছে। ইহা যদি সত্য হয়। তাহা হইলেও এই অপপ্রচারণে এক দুই দিনেই সম্পন্ন হয় নাই। সে ক্ষেত্রে আমাদের দেশের রাজনৈতিক দল গুলি কি করিতেছিল? যাহাদের অঙ্গুলী হেলনে শতশত মুসলমান জাতি বৈষম্য ভুলিয়া হিন্দু প্রতিনিধিকেও ভোট দিয়া নির্বাচনে জয়ী করিয়াছে। ধর্মের বা অর্থের প্রলোভনে প্রলোভিত হইয়া রাজনৈতিক মতবাদ বিসর্জন দেয় নাই, তাহাদের মধ্যে সঠিক প্রচার রাখা হইলে নিশ্চয়ই তাহারা ধর্ম্মান্ধতার বা অপপ্রচারের বলি হইত না। কিন্তু তাহা করিতে কেন দল গুলি অপারগ হইলেন? এই পটভূমিতেই তাঁহাদের গাফিলতির বিচার হওয়া প্রয়োজন। আমরা যতদূর জানি বেলডাঙ্গা নওদা লালবাগে বামপন্থী প্রভাব সর্বাধিক। সেই সর্বাধিক প্রভাবকে একটি মাত্র নেতা দেগঙ্গার মত সুদূর অবস্থান হইতে কয়েক হাজার হান্ডবিল ও পোষ্টারের জোরে পর্যুদস্ত করিলেন কেমন করিয়া! তবে কি ধরিয়া লইতে হইবে বামপন্থী বা কংগ্রেসী প্রভাব মুসলীম জনগণের উপর বাহির হইতে যতটা দেখা যায় তাহা সত্য সত্যই বাহ্য। ভিতর ভিতর সকলেই সাম্প্রদায়িক মনোভাবাপন্ন! পুলিশ প্রশাসনের গাফিলতিও অস্বীকার করা যায় না। তাঁহারা পূর্ব হইতে নিশ্চয়ই এমন বিপুল জন সমাগম হইতে পারে তাহা কল্পনা করিতে পারেন নাই। তদুপরি যে সমাগমকে তাহারা বহরমপুরে কারবালার মাঠে আটক করিয়া রাখিয়াছিলেন, তাহাদের মধ্য হইতে বিশাল একটি স্রোত কাশিমবাজার গলিপথে কেমন করিয়া কাটরা মসজিদের পথে যাইবার সুযোগ পাইল তাহা বড়ই বিস্ময়ের। অপপ্রচার রুখিতে সঠিক ব্যাপক প্রচার ও পুলিশ সজাগ দৃষ্টি রাখিতে সক্ষম হইলে এই সংঘর্ষ রোধ করা যাইত ইহা সকলেই মনে করেন। এখনও সময় চলিয়া যায় নাই। এখনও রাজনৈতিক দলগুলি যদি পরস্পরের উপর দোষারোপ বন্ধ করিয়া ঐক্যবদ্ধ ভাবে সকল মানুষের মধ্যে শুভ বুদ্ধি জাগরণের প্রচেষ্টা চালাইতে পারেন তবে ভুল বোঝাবুঝি বন্ধ হইয়া শান্তি ফিরিয়া আসিবে। নতুবা নানান বিচ্ছিন্নতাবাদের মধ্যে হিন্দু মুসলিম বিচ্ছিন্নতাবাদের অশুভ প্রভাবে ভারতের ভাগ্যাকাশে আবার সাম্প্রদায়িক ঝড় ওঠার আশঙ্কা থাকিয়া যাইবে। তাহাতে সকল সম্প্রদায়ের তথা ভারতের শান্তি বিঘ্নিত হইবে। সে কারণে এখন হইতেই সকল গণতান্ত্রিক রাজনৈতিক দলগুলির কর্তব্য হইবে মৌলবাদীদের ষড়যন্ত্র রোধ করিতে ঐক্য বদ্ধ হওয়া, মত ও পথের পার্থক্য ভুলিয়া সাম্প্রদায়িক ভাবধারার প্রসার রোধে সঠিক পথ আবিষ্কারের চেষ্টায় রত হওয়া। নতুবা মৌলবাদীরা হিন্দু মুসলমান উভয়ের মধ্যেই গোঁড়ামী ও ধর্মান্ধতার উস্কানী দিয়া বারবার এই ভাবেই সুযোগ মত দেশের বিভিন্ন অংশে অশান্তির আগুন জ্বালাইতে সক্ষম হইবে।

## আবোল-তাবোল

### পেনসন না পি, এফ

হারু মাষ্টারের চাকুরি আর বেশী দিন নাই। নূতন পেনসেনস্কিম চালু হইবার পর সরকার অপশান্ চাহিলেন এককালীন দুনো প্রভিডেন্ড ফান্ডের টাকা. না পেনসন! হারুবাবু ভাবিয়া থৈ পাইলেন না।

গৃহে ফিরিয়া গিন্নীকে শুধাইলেন, 'কিগো, পেনসন না পি.এফ?' গিন্নী কহিলেন, 'আল্বাৎ পেনসান'! হারু বাবু উপরে-নিচে মাথা নাড়াইলেন, 'আমিও তাই ভাবচি।' গিন্নী জিজ্ঞাসা করিলেন, 'তোমার পর আমিও পাব তো মাসে মাসে?' হারু মাষ্টার জবাব দিলেন, 'নিশ্চয়, তেমনই তো নিয়ম।' গিন্নী খুশি খুশি হইয়া বহুদিন পর একেবারে বুকের কাছে সোহাগী বিড়ালীর ন্যায় ঘেঁষিয়া দাঁড়াইলেন, 'তোমার পর আমায় কিছু বেশী দেবে, না একই গো?' হারুবাবু ত্রিশ বছরের সঙ্গীনির মুখপানে কিয়ৎক্ষণ হাঁ করিয়া তাকাইয়া থাকিলেন, উত্তর করিলেন না।

একমাত্র পুত্র গৃহে ফিরিলে তাহার মতামতের আশায় শুধাইলেন, 'কী করি বল তো ফ্যালা, পেনসন না পি এফ?' ফ্যালা মাথা দিয়া লুঙ্গি গলাইতে গলাইতে তৎক্ষণাৎ জবাব দিল, 'পি, এফ. পি, এফ! এক সাথে মোটা টাকা কত কাজে দেবে। যা শরীরের হাল করে রেখেছেন, কদ্দিনই বা টিকবেন রিটায়ারের পর? ফালতু সব লস্!'

হারুবাবু দোটানায় পড়িয়া বন্ধুর নিকট উপস্থিত। নধুবাবু রেলের বুকিং ক্লার্কের চাকুরি হইতে সবে রিটায়ার করিয়াছেন আটাশ্নতে। শিক্ষকতায় দুপাঁচ বছর চাকুরি বেশী। তিনি কহিলেন, 'আমি ভাই পি, এফ নিয়ে কেলো করেছি। পুরো টাকা ছেলের সঙ্গে জয়েন্ট অ্যাকাউন্ট করে রাখলুম। এখন তুলতে গেলেই খিচখিচ করে। ওষুধ পত্র পর্যন্ত পাইনা হে। টেঁসে গেলেই সুবিধে।' দীর্ঘ নিঃশ্বাস মোচন করিয়া নধুবাবু আরো কহিলেন, অথচ দেখ আমাদের বলুবাবুর বৌ নেই, (৩য় পৃষ্ঠায়)

## বাংলাদেশে গো-পাচার নিয়ে আবহাওয়া উত্তপ্ত

ধুলিয়ান ঃ সম্প্রতি স্থানীয় ইয়ংস গ্রুপের ক্লাব সদস্যরা পুরসভার সামনে দশটি গরু আটক করেন। ঐ গরুগুলি বাংলাদেশে পাঠানো হচ্ছিল বলে খবর। সদস্যরা কাষ্টমসের সাথে ফোনে যোগাযোগ করলে কাষ্টমস অফিসার ঘটনাস্থলে এলে ক্লাব সদস্যরা গরুগুলি তাঁর হাতে তুলে দেন। স্থানীয় জনসাধারণের অভিযোগ, ছোট্ট এই শহরে প্রায় ২৬টি কুখ্যাত চোরাচালানের ঘাঁটি আছে ও তারা প্রকাশ্যেই গরু পাচার করে থাকে। গরু আটকের ঘটনাকে কেন্দ্র করে পাচারকারীরা ক্ষিপ্ত হয়ে উঠে এবং এই ঘটনার দুদিন পর জনৈক পাচারকারী বেশ কিছু সমাজবিরোধীকে নিয়ে উন্মুক্ত রাজপথে বে-আইনী ধ্বনি দিতে থাকে। অবস্থা এমন দাঁড়ায় যে আশেপাশের দোকানপাট নাকি বন্ধ হয়ে যায়। দুষ্কৃতকারীদের হাতে হাঁসুয়া প্রভৃতি অস্ত্রও দেখা যায়। ধুলিয়ানের জনগণ নাকি ঘটনার বিবরণ জেলা শাসক, মহকুমা শাসক, সমসেরগঞ্জ থানার কাছে গণ-দরখাস্ত পাঠিয়ে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার ব্যবস্থা নিতে অনুরোধ জানিয়েছেন। এবং তাঁরা দুষ্কৃতকারীদের শাস্তি দাবী করেছেন।

## আত্মগোপনকারীরা সাম্প্রদায়িক স্থিতিশীলতা বিঘ্নিত করছে

ধ্যানেশনারায়ণ চক্রবর্ত্তী

ধুলিয়ান ঃ গত ১৪ জুন সন্ধ্যায় স্থানীয় পুরসভা হলে বিশ্ব হিন্দু পরিষদের ডাকে অধ্যাপক ধ্যানেশনারায়ণ চক্রবর্ত্তীর সভাপতিত্বে এক আলোচনা চক্র অনুষ্ঠিত হয়। শ্রীচক্রবর্ত্তী বর্তমান অগ্নিগর্ভ পরিস্থিতি নিয়ে মনোজ্ঞ আলোচনা করেন। তিনি বলেন—বিদেশী অনুপ্রবেশকারীরা সীমান্ত অঞ্চলে আত্মগোপন করে সাম্প্রদায়িক স্থিতিশীলতা বিঘ্নের প্রচেষ্টা চালাচ্ছে। এরা প্রচার চালাচ্ছে যেনতেন এসব অঞ্চলে তাদের সংখ্যা বাড়িয়ে সংখ্যাগরিষ্ঠ হতে হবে। এবং আবার দেশ ভাগের অবস্থা সৃষ্টি করতে হবে। বর্তমান ভোট ভিখারী দলগুলি সব জেনেও এদের মদত জুগিয়ে যাচ্ছে। তিনি হিন্দু সম্প্রদায়ের কাছে বিপদের ভয়াবহতা ব্যাখ্যা করে পরিস্থিতির মোকাবিলায় সচেতন হতে আহ্বান জানান।

## অষ্টম শ্রেণী পর্যন্ত প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের বৃত্তি

বহরমপুর ঃ জেলা তথ্য দপ্তর সূত্রে জানা যায় পশ্চিমবঙ্গ সরকারের ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগ ১৪ বছর বয়স ও অষ্টম শ্রেণী পর্যন্ত প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের বৃত্তি দেওয়ার ব্যবস্থা করেছেন। প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী বা তাদের অভিভাবকদের এই বৃত্তির জন্য সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণে (বিডিও অফিসে) প্রাপ্ত ফরমে আবেদন করতে হবে।

**আবোল-তাবোল** (২য় পৃষ্ঠার পর)

ওর বৌমা কত যত্নআত্তি করচে। যদ্দিন বলুর জান, তদ্দিনই তো মাসে মাসে আটশো। বুড়ো আর ক' টাকাই বা খায়!'

মুখ কালি করিয়া হারুবাবু বসিয়া আছেন, শান্তি নাই। পুত্র ঘরে ঢুকিয়া শুধাইল, 'বাবা, কী নেবেন ঠিক করলেন?' গিন্নী এক গ্লাস সরবৎ হাতে দিয়া কহিলেন, রিটায়ার করে কী নেবে বললে না তো?'

হারুবাবু দুইজনের উৎসুক মুখের দিকে চাহিলেন, জবাব দিলেন, কী আর নেব, সন্ন্যাস।'

—রতন দাস


**জায়গা বিক্রয়**

রঘুনাথগঞ্জ বালিঘাটা পল্লীতে বাসোপযোগী চার শতক রেকর্ড ভিটি বিক্রী করা হবে।

নিম্নে অনুসন্ধান করুন ঃ

চা সংসদ
ফাঁসিতলা, রঘুনাথগঞ্জ অথবা
অশোক দত্ত, এস, বি, আই
(এ, ডি, বি) মেমারী ব্রাঞ্চ
পোঃ মেমারী (বর্দ্ধমান)

**জমি বিক্রয়**

বাণীপুরে (মিঞাপুর ও উমরপুরের মাঝামাঝি) সুন্দর ও ভদ্র পরিবেশে বাড়ী তৈরীর জন্য সস্তায় জমি পাওয়া যাচ্ছে। যোগাযোগ করুন।

তরুণ চৌবে (ডাকু)
ফাঁসিতলা, রঘুনাথগঞ্জ

বিবাহ উৎসবে
**ভি. ডি, ও, ক্যাসেট স্যুটিং**
এর জন্য যোগাযোগ করুন—
**ষ্টুডিও চিত্রশ্রী**
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

ফ্রি সেলে নন লেভি এসিসি, এল এন্ড টি সিমেন্ট রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে সরবরাহ করে থাকি
কোম্পানীর অনুমোদিত ডিলার
**ইউনাইটেড ট্রেডিং কোং**
প্রোঃ রতনলাল জৈন
পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)
ফোন ঃ জঙ্গিঃ ২৫, রঘুঃ ১৬৬

ভারতের বিভিন্ন প্রদেশ থেকে সযত্নে সংগৃহীত সর্বপ্রথম
বিপুল সমাবেশ
**ধন্নালাল মোহনলাল জৈন**
জৈন কলোনী, পোঃ ধুলিয়ান, জেলা মুর্শিদাবাদ ফোন ধুলিয়ান ৫
জঙ্গিপুর মহকুমায় এই প্রথম VIMAL এর সার্টিং, স্যুটিং ও শাড়ীর রিটেল কাউন্টার এবং জেলার যে কোন বস্ত্র প্রতিষ্ঠান অপেক্ষা অনেক কম মূল্যে সব রকম বস্ত্র সংগ্রহের জন্য আপনাদের সাদর আমন্ত্রণ জানাচ্ছি।


## NOTICE

The Presidents/Secretaries of Voluntary/Private Organisation and Associations engaged in Social Service are, hereby, requested to send the following particulars to the District Social Welfare Officer, Murshidabad, Collectorate Buildings, P. O. Berhampore, Dist. Murshidabad.

This is necessary for preparation of a list of such organisations/ Associations.

1) Name of the Voluntary Organisation/Association.
2) Postal address including the name of the block.
3) Date of establishment.
4) Whether registered/ Unregistered.
5) If registered, the Registration No. with date.
6) Field of activity.
7) i) Whether engaged in Welfare of the Disabled and their rehabilitation either directly or indirectly.
(ii) A brief description of the Service rendered.

Sd/- ILLEGIBLF
FOR DISTRICT MAGISTRATE,
MURSHIDABAD.

## সাম্প্রদায়িক উত্তেজনা রোধে

( ১ম পাতার পর )

তাঁরা মুসলীম ভাইদের ধর্মীয় জিগিরে বিভ্রান্ত না হয়ে শতাব্দীর ঐতিহ্যপূর্ণ হিন্দু মুসলিম সৌহার্দ বজায় রাখতে সকলকে সচেষ্ট হতে বলেন। কাটরা মসজিদে নামাজ পড়ার দাবী সংক্রান্ত মুসলিম লীগের সাম্প্রতিক আহ্বান অভিসন্ধি-মূলক। মুর্শিদাবাদের নবাবী আমলের নিদর্শনগুলি ঐতিহাসিক ও স্থাপত্য শিল্পের এক অনবদ্য নিদর্শন। তাই সেগুলি রক্ষণাবেক্ষণের দায়িত্ব বৃটিশ আমলেই এই শতাব্দীর প্রথম দশক ( ১৯১০) থেকে সরকার হাতে তুলে নেন। এগুলি জাতীয় সম্পত্তি। ধর্মবর্ণ সম্প্রদায়ের কোন প্রশ্ন এর সাথে জড়িয়ে ফেলা অনুচিত। কাটরা মসজিদও এইরূপ একটি জাতীয় প্রত্নতাত্ত্বিক মূল্যবান সম্পত্তি। এই মসজিদে কেউ কখনও নমাজ পড়েছেন বলে এতদঅঞ্চলের সুবৃদ্ধ মুসলিম নেতারাও জানেন না। মুসলিম লীগ নেতা হাসানুজ্জামান এ তথ্য জানেন না তা নয়; তথাপি রাজনৈতিক উদ্দেশ্য, হিন্দু মুসলিমের সুসংস্থিতি ভঙ্গ করতেই তিনি মিথ্যা প্রচার ও ধর্মীয় উস্কানীতে মেতেছেন। ফলশ্রুতি ভুল বোঝাবুঝির কারণে নশীপুর ও কাশিমবাজারে দুঃখজনক পরিণতি। যদিও শুভবুদ্ধিসম্পন্ন পঃ বঙ্গের তথা এই জেলার মানুষ ও সরকারী প্রশাসনের তৎপরতায় অবস্থা আয়ত্তে আনা সম্ভব হয়েছে, তথাপি বিভেদবুদ্ধি সম্পূর্ণ হার মানেনি। প্রতিক্রিয়াশীল চক্র মিথ্যা গুজব রটনা করে অবস্থাকে ভয়াবহ করতে সচেষ্ট র'য়েছে। নেতাদের আবেদন জনসাধারণ যেন এসব গুজবে কান না দেন ও গুজব রটনাকারীদের শান্তি ও শৃংখলার শত্রু হিসাবে চিহ্নিত করে প্রশাসনের হাতে তুলে দিয়ে সরকারকে ব্যবস্থা নিতে সাহায্য করেন।

## টাকা নয়ছয়ে জঙ্গিপুর পুরসভা

( ১ম পৃষ্ঠার পর )

যত তৎপর তত তৎপরতা কিন্তু পুর খাস জমি দখলের বিরুদ্ধে দেখা যাচ্ছে না। ব্যাঙের ছাতার মত দোকান ঘর গড়ে ওঠে রাস্তার পরিসর দিনের দিন কমিয়ে দিচ্ছে। অন্যদিকে একমাত্র বাজারের গুরুত্বপূর্ণ রাস্তাটি দীর্ঘদিন সংস্কারের অভাবে অকেজো হয়ে পড়েছে। এ ব্যাপারে পুরপতির সঙ্গে কথা বললে উনি জানান—ঐ রাস্তাসংস্কারের মত অর্থ বর্তমানে পুরসভার হাতে নাই ইত্যাদি। এদিকে ফাঁসিতলায় সেবাশিবির ক্লাবের পাশ্বে গলি রাস্তাটিতে ও দ্বারিকবাবুর কোপড়ার পারে কয়েক হাজার টাকার মাটি ফেলা হয়েছে। স্থানীয় মানুষের বক্তব্য—ঐ মাটি ফেলায় রাস্তার কোন উপকার হবে না তবে পুকুর পারের ব্যক্তিগত জায়গার উন্নতি হবে। এভাবে নগ্ন ভোটার তোষণ আর কত দিন চলবে পুরবাসীরা জানতে চান।

## সিধু কানহুর স্মরণে হুল উৎসব

মনিগ্রাম ঃ গত ৩০ জুন স্থানীয় কিশোর সংঘের ফুটবল মাঠে সিদু কানহুর স্মরণে হুল উৎসব পালিত হয়। এই উৎসবে আদিবাসীরা বিপুল সংখ্যায় যোগ দেন। উৎসবকে কেন্দ্র করে ডি, ওয়াই, এফের পরিচালনায় একদিনের ফুটবল প্রতিযোগিতায় সভাপতি ও প্রধান অতিথি ছিলেন পাটকেলডাঙ্গার অঞ্চল প্রধান জাঠু মান্ডি এবং স্থানীয় বিধায়ক পরেশ দাস। আদিবাসী খেলোয়াড়দের দ্বারা গঠিত ফুটবল দলের মধ্যেই প্রতিযোগিতা সীমাবদ্ধ থাকে। অন্যান্যদের মধ্যে মনিগ্রাম অঞ্চল প্রধান বিমল দাস এবং ডি, ওয়াই, এফ-এর লোকাল সম্পাদক মতিউর রহমানও সভায় বক্তব্য রাখেন।

## জঙ্গিপুর বার এ্যাসোসিয়েশনে নতুন কমিটি

রঘুনাথগঞ্জ ঃ জঙ্গিপুর ল'ইয়ার্স বার এ্যাসোসিয়েশনে অন্তর্দ্বন্দের ফলে সভাপতি, সম্পাদক ও চারজন কার্যকরী সদস্যের পদত্যাগে পুরাতন কমিটি অকেজো হয়ে পড়ে। এই অবস্থার পরিপ্রেক্ষিতে পূর্বতন কমিটি বাতিল করে গত ৬ জুলাই সর্ব সম্মতিক্রমে আকিমুদ্দিন বিশ্বাসকে সভাপতি ও মৃণাল ব্যানার্জীকে সম্পাদক নির্বাচিত করে এক নতুন কমিটি গঠন করা হয়।


প্রিয় গ্রাহক
আপনারা নীচে উল্লেখিত ব্র্যান্ডগুলির
প্রতিটি ঠান্ডা বোতলের জন্য
২টা: ৭৫ প:
দাম দেবেন

| | | |
|---|---|---|
| গোল্ডস্পট | থ্রিল | ফিজা |
| লিমকা | স্প্রিন্ট | ফেরিনি—১১ আপ |
| থামস্ আপ | রাশ | ফেরিনি—ম্যাঙ্গো |
| রিমঝিম | মুড | ফেরিনি পাইনাপেল |
| মাজা | অরেঞ্জ | ফেরিনি লেমোনেড |
| বিজলী গ্রীল | আইসক্রীম সোডা | জেস্ট পাইনাপেল |

গ্রাহকদের স্বার্থে ঠান্ডা পানীয় প্রস্তুতকারক
কোম্পানী-গুলির দ্বারা একযোগে বিজ্ঞাপিত



যৌতুকে VIP
সকল অনুষ্ঠানে VIP
ভ্রমণের সাথী VIP
এর জুড়ি কি আর আছে!
সংগ্রহ করতে হলে আসুন দুলুর দোকানের
VIP সেন্টারে
॥ এজেন্ট ॥
প্রভাত স্টোর ( দুলুর দোকান )
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন এণ্ড কোং
লিমিটেড
কলিকাতা ॥ নিউ দিল্লী


রঘুনাথগঞ্জ ( পিন – ৮৪২২২৫ ) পন্ডিত প্রেস হইতে
অনুত্তম পন্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।